



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2023

DSE-P3-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-3A and DSE-3B.
The candidates are required to answer any *one* from *two* papers.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-3A

পত্রসাহিত্য ও আত্মজীবনী

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ছিন্নপত্রাবলীতে উল্লিখিত তিনটি গ্রামের নাম উল্লেখ করো।
- (খ) ছিন্নপত্রাবলীর প্রকাশকাল উল্লেখ করো। এই পত্রাবলীর অধিকাংশ পত্র রবীন্দ্রনাথ কাকে লিখেছিলেন ? কত সংখ্যক পত্রে 'পোস্টমাস্টার'-এর উল্লেখ পাওয়া যায়।
- (গ) শিবনাথ শাস্ত্রীর জন্মস্থান উল্লেখ করো। তাঁর মামার নাম কী ছিল ? মামা তাঁর মুখ দর্শনে কী উপহার দিয়েছিলেন ?
- (ঘ) রাজনারায়ণ বসুর 'আত্মচরিত' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয় ? তিনি কোন ধর্মের প্রচারক ছিলেন ? তাঁর প্রকৃত 'ধর্মজীবন' কতসালে শুরু হয় ?
- (ঙ) বিবেকানন্দের ১৩ সংখ্যক পত্রটির প্রাপক কে ছিলেন ? প্রাপকের সংক্ষিপ্ত পরিচয় দাও। পত্রটি কী জাতীয় পত্র ?
- (চ) স্বামী বিবেকানন্দের দুই বিদেশিনী শিষ্যার কথা কোন পত্রে উল্লিখিত হয়েছে ? তাঁদের নাম লেখো। ওই দুই শিষ্যার চরিত্র পার্থক্য বিবেকানন্দ কীভাবে নির্ণয় করেছেন ?
- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) 'ছিন্নপত্রাবলী'তে তোমার পঠিত পত্র অবলম্বনে বেদে সমাজের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- (খ) 'ছিন্নপত্রাবলীর' ভাষাশৈলীর পরিচয় দাও।
- (গ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থে উল্লিখিত দুজন ব্যক্তির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) কোন ঘটনাকে কেন্দ্র করে, শিবনাথ শাস্ত্রী ও তাঁর পিতার মধ্যে সংঘাত তৈরি হয়েছিল, সে সম্পর্কে আলোকপাত করো।
- (ঙ) রাজনারায়ণ বসুর আত্মচরিত গ্রন্থে উল্লিখিত মদ্যপান বিরোধী আন্দোলনের যে পরিচয় পাওয়া যায়, তা উল্লেখ করো।
- (চ) বিবেকানন্দ তাঁর মাদ্রাজী শিষ্যদের উদ্দেশ্যে যে পত্রটি লিখেছেন, তার বিষয়বস্তু সংক্ষেপে উল্লেখ করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) রবীন্দ্রকাব্যের প্রবেশক হিসাবে ছিন্নপত্রের গুরুত্ব আলোচনা করো।
- (খ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থ অবলম্বনে স্ত্রীশিক্ষা বিস্তারের পরিচয় দাও।

- (গ) ‘আত্মজীবনী’ হিসাবে রাজনারায়ণ বসুর ‘আত্মচরিত’ গ্রন্থখানি কতদূর সার্থক তা মূল্যায়ন করো।
(ঘ) বিবেকানন্দের পত্রাবলী অবলম্বনে তাঁর ‘ধর্মচিন্তা’ অথবা ‘শিক্ষাচিন্তা’র পরিচয় দাও।

DSE-3B

বাংলা কাব্য, উপন্যাস ও ছোটগল্প

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘মরীচিকা’ কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো। কাব্যগ্রন্থটিতে মোট কতগুলি কবিতা আছে? প্রথম ও শেষ কবিতা দুটির নাম লেখো।
(খ) ‘সুবর্ণলতা’ উপন্যাসের প্রকাশকাল লেখো। সুবর্ণলতার মায়ের নাম কী? সুবর্ণলতার সন্তান কয়টি এবং তাদের নাম লেখো।
(গ) সতীনাথ ভাদুড়ীর ‘বন্যা’ গল্পে যে নদীতে বান এসেছিল সেই নদীটির নাম উল্লেখ করো। এই গল্পে উল্লিখিত দুটি সম্প্রদায় ও সেই সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী ব্যক্তিদের নাম লেখো।
(ঘ) অজিতেশ বন্দ্যোপাধ্যায়ের ‘সওদাগরের নৌকা’ নাটকটির রচনাকাল উল্লেখ করো। নাটকটি প্রথম কোন্ পত্রিকায়, কবে প্রকাশিত হয়? গ্রন্থকারে কবে প্রকাশ পায়?
(ঙ) ‘আরে ইয়েমিয়েলিয়ে সাহেব যে’ — কোন্ গল্পের অংশ? এখানে ‘ইয়েমিয়েলিয়ে’ শব্দটির প্রকৃত উচ্চারণ কি? কাকে এই নামে সম্বোধন করা হয়েছে?
(চ) ‘আমি একটা ঘর চেয়েছিলাম’ — কোন্ রচনার অংশ? কার উক্তি? ঘরটির বর্ণনা দাও।
- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ‘মরীচিকা’ কাব্যগ্রন্থের ‘বহিস্কৃতি’ কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করো।
(খ) “‘আপাতদৃষ্টিতে ‘সুবর্ণলতা’ একটি জীবন কাহিনী, কিন্তু সেটুকুই এই গ্রন্থের শেষ কথা নয়। সুবর্ণলতা একটি বিশেষ কালের আলেখ্য” — মন্তব্যটি ব্যাখ্যা করো।
(গ) সতীনাথ ভাদুড়ীর ‘বন্যা’ গল্পে দুটি ভিন্ন সম্প্রদায়ের ভেদাভেদের যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।
(ঘ) ‘সওদাগরের নৌকা’ নাটকে হরিসাধন চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
(ঙ) সতীনাথ ভাদুড়ীর ‘চকাচকী’ গল্পটির নামকরণ কতটা সার্থক আলোচনা করো।
(চ) ‘সওদাগরের নৌকা’ নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্বের পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘যতীন্দ্রনাথ সেনগুপ্তের দুঃখবাদের অন্তরালে আসলে আছে এক গভীর জীবনতৃষ্ণা’ — মন্তব্যটির আলোকে তোমার পঠিত কবিতা অবলম্বনে যতীন্দ্রনাথ সেনগুপ্তের দুঃখবাদের স্বরূপটি ব্যাখ্যা করো।
(খ) “‘সুবর্ণলতা’ উপন্যাসে বিভিন্ন নারীচরিত্রগুলির মধ্য দিয়ে সেই সময়ে সমাজে নারীর অবস্থানকে যেমন তুলে ধরেছেন লেখিকা, তেমনি সুবর্ণলতা চরিত্রটির মধ্য দিয়ে মুক্তিকামী নারীর বাসনাকেই প্রকাশ করেছেন।” — এই মন্তব্যের আলোকে ‘সুবর্ণলতা’ উপন্যাসে নারীচরিত্রগুলি আলোচনা করো।
(গ) ‘অজিতেশ বন্দ্যোপাধ্যায়ের ‘সওদাগরের নৌকা’ নাটকে প্রসন্ন চরিত্রটির জীবন সংগ্রামের মধ্যে চাঁদ সদাগরের জীবন সংগ্রামের ছায়া লক্ষ্য করা যায়’ — মন্তব্যটি ব্যাখ্যা করো।
(ঘ) ‘চরণদাস এম-এল-এ’ গল্পে সতীনাথ ভাদুড়ী চরণদাস চরিত্রের মধ্য দিয়ে ভণ্ড মুখোশধারী, শঠ, স্বার্থাশ্বেষী রাজনৈতিক নেতাদের স্বরূপ তুলে ধরেছেন — গল্পটি অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

—x—